ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ১১ কলাম ৭

SEP 15 2002




*এডেক্সেল গতকাল নগরীর একটি হোটেলে জিসিই ও এন্ড এ লেভেল এক্সামিনেশনস অফার্ড ইন বাংলাদেশ শীর্ষক এক সংবাদ সম্মেলনের আয়োজন করে —ভোরের কাগজ*

# রাজশাহী-খুলনায় 'ও' 'এ' লেভেল পরীক্ষা কেন্দ্র চালু করছে এডেক্সেল

কাগজ প্রতিবেদক : অব্যাহত চাহিদা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে 'এডেক্সেল' (এডুকেশন এক্সেলেন্স) বাংলাদেশে তার বর্তমান কর্মকাণ্ডকে আরো শক্তিশালী করবে। এ লক্ষ্যে 'এডেক্সেল' ইন্টারন্যাশনাল ঢাককেন্দ্রিক প্রতিনিধি নিয়োগ, শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রভৃতি রয়েছে। এ ছাড়া রাজশাহী এবং খুলনাতে দুটি পরীক্ষা কেন্দ্র খেলা হবে। ইংল্যান্ডের তিনটি প্রধান পরীক্ষা গ্রহণ এবং বিশ্লেষণ সংস্থার অন্যতম এডেক্সেল-এর কর্মকর্তারা গতকাল নগরীর একটি হোটেলে সংবাদ সম্মেলনের মাধ্যমে এ তথ্য প্রদান করেন।

সংবাদ সম্মেলনে 'এডেক্সেল' কর্মকর্তারা বলেন, বাংলাদেশে 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষার্থীদের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। অধিকন্তু এসব পরীক্ষায় তারা মেধাতালিকার শীর্ষস্থানগুলোও দখল করে নিচ্ছে।

সংবাদ সম্মেলনে বাংলাদেশে এডেক্সেল-এর কার্যক্রম শক্তিশালী করা প্রসঙ্গে বক্তব্য রাখেন এডেক্সেল ইন্টারন্যাশনালের ডেভেলপমেন্ট ম্যানেজার নিক স্যানসাম, কান্ট্রি পরীক্ষা ব্যবস্থাপক এবং শিক্ষা প্রদান কেন্দ্রের ব্যবস্থাপক মার্ক বার্থোলোমেৰ্ড, আঞ্চলিক ব্যবস্থাপনা কেন্দ্র, ইন্ডিয়ার উপদেষ্টা জে. জে. নন্দী এবং পরীক্ষা ব্যবস্থাপক সাইদুর রহমান।

সংবাদ সম্মেলনে নিক স্যানসাম বলেন, এক্সেডেল ইন্টারন্যাশনাল বাংলাদেশের বিভিন্ন স্থান থেকে ঢাকায় 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষা দিতে আসা পরীক্ষার্থীদের অসুবিধার কথা চিন্তা করে শিগগিরই খুলনা এবং রাজশাহীতে পরীক্ষা কেন্দ্র খোলার বিষয়ে চিন্তা করছে। এ প্রসঙ্গে তিনি চট্টগ্রাম এবং সিলেটে ইতিমধ্যে পরীক্ষা কেন্দ্র খোলার বিষয়টি উল্লেখ করেন।

সংবাদ সম্মেলনে নিক স্যানসাম আরো বলেন, ইংল্যান্ডের বাইরে বিভিন্ন দেশ থেকে 'ও' এবং 'এ' লেভেলে পরীক্ষায় অংশ নেওয়া পরীক্ষার্থীদের মধ্যে সংখ্যার দিক থেকে বাংলাদেশ শীর্ষ চারের মধ্যে রয়েছে। পরিসংখ্যানগত দিক তুলে ধরে নিক স্যানসাম বলেন, বাংলাদেশে গড়ে প্রতি বছর ৪ হাজার ৫০০ পরীক্ষার্থী 'এডেক্সেল'-এর ব্যবস্থাপনায় 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষার অংশ নিয়ে থাকে।